

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
প্রথম অধিশাখা
৯১, মতিঝিল, বা/এ, ঢাকা।
www.moind.gov.bd

শিল্প মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব কে এম আলী আজম
সচিব, শিল্প মন্ত্রণালয়
তারিখ : ১৩/০৮/২০২০
সময় : বিকাল ০৪.৩০ টা
স্থান : জুম এ্যাপস এর মাধ্যমে

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার সূচনা করেন। গত ১৬/০৭/২০২০ তারিখের সভার কার্যবিবরণীর উপর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ় করা হয়। অতঃপর সভাপতি সভার আলোচ্যসূচি উপস্থাপনার জন্য শিল্প মন্ত্রণালয়ের শুদ্ধাচার ফোকাল পয়েন্ট জনাব মোহাম্মদ সালাউদ্দিন, যুগ্মসচিব-কে আহ্বান জানান। সভায় নিম্নবর্ণিত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্রমং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	সকল কর্মকর্তা নিয়মিত ই-মেইল ও ই-নথি চেক/ব্যবহার করছে কিনা এবং যথাসময়ে নিয়মিত দাপ্তরিক কাজ সম্পাদন করছেন কিনা তা নিশ্চিত করার বিষয়ে সভায় আলোচনা হয়। তাছাড়া কর্মকর্তা/কর্মচারীগণের অন-লাইনে কাজের দক্ষতা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করার বিষয়েও সভায় আলোচনা হয়।	সকল কর্মকর্তা নিয়মিত ই-মেইল ও ই-নথি চেক/ব্যবহার করছে কিনা এবং যথাসময়ে নিয়মিত দাপ্তরিক কাজ সম্পাদন করছেন কিনা তা নিশ্চিত করতে হবে। তাছাড়া কর্মকর্তা/ কর্মচারীগণের অন-লাইনে কাজের দক্ষতা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	অতিরিক্ত সচিব (প্রশাসন), শিল্প মন্ত্রণালয়/দপ্তর/ সংস্থা প্রধান (সকল)।
২	দপ্তর/সংস্থার সকল কর্মকর্তাগণকে ই-ফাইলিং কার্যক্রমে আরও বেশী তৎপর হওয়ার বিষয়ে সভায় আলোচনা হয়।	দপ্তর/সংস্থার সকল কর্মকর্তাগণকে ই-ফাইলিং কার্যক্রমে আরও বেশী তৎপর হতে হবে।	সকল কর্মকর্তা, শিল্প মন্ত্রণালয়/দপ্তর/সংস্থা প্রধান(সকল)।
৩.	জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২০-২০২১ যথাযথভাবে বাস্তবায়নের বিষয়ে সভায় আলোচনা হয়। ২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত সকল কার্যক্রম সময়মতো সঠিক ও সুষ্ঠুভাবে বাস্তবায়নপূর্বক লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের বিষয়ে সংশ্লিষ্ট সকলকে কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।	সঠিক ও সুষ্ঠুভাবে ২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নপূর্বক লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের বিষয়ে সংশ্লিষ্ট সকলকে কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য হবে।	সকল কর্মকর্তা, শিল্প মন্ত্রণালয়/দপ্তর/ সংস্থা প্রধান (সকল)।

আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ/-
তারিখ : ১৮/০৮/২০২০ খ্রি.

কে এম আলী আজম
সচিব

ও
সভাপতি, নৈতিকতা কমিটি
শিল্প মন্ত্রণালয়